# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 30 April, 2025

বাগেরহাটে জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য সৈয়দ নাসির আহমেদ মালেককে দল থেকে বহিষ্কারের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

বুধবার (৩০ এপ্রিল) দুপুরে বাগেরহাট জেলা বিএনপি পরিবারের ব্যানারে এই মানববন্ধন হয়। মানববন্ধনে বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা অংশগ্রহন করেন। সৈয়দ নাসির আহমেদ মালেককে আওয়ামী লীগের দোসর দাবি করে বিভিন্ন স্লোগান দিতে শোনা যায় মানববন্ধনকারীদের।

সৈয়দ নাসির আহমেদ মালেক বাগেরহাট সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও বর্তমান জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য।

মানববন্ধনে বক্তব্য দেন, বাগেরহাট জেলা যুবদলের সাবেক সভাপতি বিএনপি নেতা ফকির তরিকুল ইসলাম,বিএনপি নেতা মহিদুল ইসলাম, বিএনপি নেতা আনসার আলী, খানজাহাণ আলী মাজার ইজিবাইক সমিতির সভাপতি শেখ তারিক, সাধারণ সম্পাদক হৃদয়, বিএনপি নেতা শেখ দেলোয়ার হোসেন, শেখ আতিয়ার আতিয়ার রহমান, শেখ মনিরুল ইসলাম প্রমূখ।

বক্তারা বলেন , সৈয়দ নাসির আহমেদ মালেক একজন আওয়ামীলীগের দোসর। সে বিগত সময়ে আওয়ামীলীগের সাথে আতআত করে বিভিন্ন অপর্কম করেছে।২০২৪ এর নির্বাচনে সে আওয়ামী লীগের প্রার্থী শেখ তন্ময়ের পক্ষে ভোটও চেয়েছেন।৫ আগষ্ট এর পর সে বিভিন্ন অফিসে সদর উপজেলা বিএনপির সভাপতি পরিচয়ে প্রভাব বিস্তার করছেন। বিভিন্ন হাট-

বাজার থেকে চাঁদা তুলে দলীয় ভাবমূর্তি নষ্ট করেছেন।ঘের ও বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান দখলও করেছেন তিনি।

বক্তারা আরও বলেন, সে এখন নিজেদের দলীয় লোকজনের বিরুদ্ধে নানা অপপ্রচার করছেন। সে নির্যাতিত বিএনপি নেতা সাবেক জেলা যুবদলের সভাপতি ও ষাটগম্বুজ ইউনিয়নের সাবেক চেয়্যারম্যান ফকির তরিকুল ইসলাম সম্পর্কে কুরুচিপূর্ণ মন্তব্য করছে।আমরা এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই।

এছাড়া তিনি আওয়ামী লীগের অনেক বড় নেতারা তার নিকট আত্মীয় হওয়ায় ওই আমলেও তিনি সুবিধা নিয়েছেন।মানুষের উপর অত্যাচার করেছেন।আর ৫ আগস্টের পরে এমন কোন অন্যায় নেই যা তিনি করেননি। তার অন্যায় কর্মকান্ড দলের ভামমূর্তি ক্ষুন্ন করেছে। আমরা বিএনপি থেকে তার বহিষ্কার চাই।

অভিযোগের বিষয়ে সৈয়দ নাসির আহমেদ মালেক বলেন, রাজনীতি করলে শত্রু-মিত্র থাকবে। কয়েকদিন আগে আমি একটা মানববন্ধন করেছিলাম। সেখানে বাগেরহাট জেলা যুবদলের সাবেক সভাপতি বিএনপি নেতা ফকির তরিকুল ইসলামের বিরুদ্ধে কিছু কথা বলেছিলাম।তার ফলশ্রুতিতে তারা আজকে এই মানববন্ধন করেছে।এছাড়া সামনে বাগেরহাট সদর উপজেলা বিএনপির সম্মেলন রয়েছে।সে কারণেও আমার বিরুদ্ধে অপপ্রচার চালানো হতে পারে।

বিএনপি মানববন্ধন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 18:57

URL: https://www.timestodaybd.com/khulna/7758071660